The Daily Star

17 JUN 2025



FILE PHOTO

# Bangladesh's RMG exports to the US rise by 29% in Jan-Apr

STAR BUSINESS REPORT

Garment shipments from Bangladesh to its single largest destination, the USA, surged by 29.33 percent year-on-year to $2.98 billion in the January-April period of the year, according to data from the Office of Textiles and Apparel (OTEXA).

Also, the overall import of garments by the USA from the world increased by 10.65 percent year-on-year to $26.22 billion in the same period, according to OTEXA, which works with other Department of Commerce units and US agencies in advancing US competitiveness at home and abroad.

Apparel shipments to the USA have shown significant growth as US-based international clothing retailers and brands sourced goods from all over the world to escape the Trump administration's high reciprocal tariff.

US President Donald Trump imposed high reciprocal tariffs on imported goods, and the new rate was supposed to come into effect from April 9. However, just before the new tariffs came into effect, Trump announced a three-month pause, the deadline for which will end on July 9.

In his announcement, Trump also said the baseline 10 percent new tariff would be in place for all countries except China, as the tariff on Chinese goods was 145 percent.

Exporters from all over the world took advantage of the comparatively lower tariff during the three-month pause and exported goods in significant volumes to the US.

As a result, garment exports from other countries also increased during this time.

For instance, China experienced a 0.66 percent rise in exports, while the amount stood at 20.3 percent for India, 19.57 percent for Pakistan, and 16.06 percent for Vietnam.

In terms of volume, garment exports to the US also increased during the January-April period.

Bangladesh witnessed an increase of 28.30 percent, Vietnam 12.05 percent, China 1.80 percent, India 20.63 percent, and Pakistan 24.07 percent.

However, the unit price per piece varied across countries.

In the case of Bangladesh, the per-unit price increased by 0.80 percent, which rose by 3.58 percent for Vietnam.

However, the per-unit price decreased by 1.12 percent in the case of China, while the decline was 0.27 percent for India and 3.63 percent for Pakistan, according to the OTEXA data.

The Financial Express

17 JUN 2025

# Apparel owners fear Iran-Israel war fallout on exports

FE REPORT

A red-hot Middle-East turmoil fuelled by the Iran-Israel war may affect Bangladesh's garment business as global oil prices could spike and increase operational costs locally.

## Global oil-price spikes may increase garment cost, bite trade returns, new BGMEA body predicts

And such production-cost escalation would bite trade returns on the country's cardinal export product-readymade garments or RMG, the bigger one of two pillars of foreign-exchange reserves, after remittance.

"The Iran-Israel war could be a new challenge for the local garment industry that could result in rise in global oil prices. And sustaining the competitiveness amid such situation could be very challenging," says Mahmud Hasan Khan Babu, the newly elected president of Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA).

He made the remark at the charge-handover ceremony of the BGMEA held Monday at its Uttara office in the capital.

The newly elected BGMEA board of directors led by president Mahmud Hasan Khan took charge of the trade body for the term 2025-2027.

Outgoing administrator Anwar Hossain and the members of Support Committee of BGMEA handed over the responsibility to Mr Khan and the new board, in a transition from the stop-gap arrangement made following the July-August political changeover.

The new office bearers include first vice-president Salim Rahman, senior vice-president Inamul Haq Khan and vice-presidents Mijanur Rahman, Md Rezwan Selim, Vidiya Amrit Khan, Md Sehab Udduza Chowdhury and Mohammad Rafique Chowdhury.


The other Board-of-Directors members from Dhaka are Shah Rayeed Chowdhury, Mohammed Abdur Rahim, Faisal Samad, Md. Hasib Uddin, Mohammed Abdus Salam, Nafis-Ud-Doula, Sumaiya Islam, Fahima Akhter, Majumdar Arifur Rahman, Anwar Hossain Chowdhury, Sheikh Hossain Muhammad Mustafiz, Kazi Mizanur Rahman, Joarder Mohammed Hosne Quamar Alam, A.B.M. Shamsuddin, Asef Kamal Pasha, Dr. Rashid Ahamed Hossaini, Faruque Hassan, Rumana Rashid, Mohammed Sohel and Samiha Azim while Directors from Chattogram include Md. M. Mohiuddin Chowdhury, Syed Mohammed Tanvir, Sakeef Ahmed Salam, Md. Shaif Ullah Mansur, Enamul Aziz Chowdhury, SM Abu Tayyab and Rakibul Alam Chowdhury.

*Munni_fe@yahoo.com*

ঢাকা

# Bangladesh gains bigger share in US apparel market as China loses ground, sees 29% export growth in Jan-Apr




RMG – BANGLADESH

REYAD HOSSAIN

Bangladesh's apparel exports to the US market reached $2.98 billion in the first four months of 2025, a 29.33% year-on-year growth, far outpacing its competitors in the world's largest economy, according to data from the US Office of Textiles and Apparel (OTEXA).

Exporters and industry experts say ongoing trade tensions between the United States and China are prompting American buyers to reduce their reliance on Chinese apparel, creating new opportunities for countries like Bangladesh, which is among the key beneficiaries of this shift.

During the January-April period, total US apparel imports rose by about 11%. China's exports to the US barely grew, registering a marginal 0.66% increase. In contrast, Vietnam posted a 16.06% rise, India 20.30%, and Pakistan 19.57%.

OTEXA data shows that in April alone, China's apparel exports to the US declined by 13%, while Bangladesh's jumped nearly 38%. Cambodia led the monthly surge with 39% growth, followed by Pakistan and Sri Lanka (26%), India (10%), Vietnam (2%), and Indonesia (3%).

Trade analysts believe the sharp decline in Chinese exports was influenced by the US government's imposition of a 125% tariff on Chinese products in April, tariffs that were not as steep for other countries.

"This tariff shift has clearly impacted China's market share, while countries like Bangladesh have gained," said Dr Mostafa Abid Khan, international trade expert and former member of the Bangladesh Trade and Tariff Commission.

He believes that Bangladesh has captured a portion of the apparel market in the US that China has been losing.

However, Fazlul Hoque, former president of the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA), believes the impact of April's tariff changes will be better understood through the export figures of May.

"US buyers have already been shifting orders as part of their move to reduce dependence on China, and a significant share of those orders is coming to Bangladesh. That's why Bangladesh is seeing relatively higher growth," he told The Business Standard.

"It's good news that Bangladesh is gaining more than its rivals in the US market. If the new Trump-era tariffs don't apply to us going forward, we could see even stronger performance," he added.

Fazlee Shamim Ehsan, managing director of Fatullah Fashions Ltd, said US buyers had already been cautious about increasing business with China following Donald Trump's rise in political influence.

"Many began reducing orders from China, which benefited Bangladesh and Vietnam in terms of apparel export growth," he said.

Bangladesh also recorded a 28.30% rise in the number of pieces shipped, ranking second only to India and Pakistan in terms of volume growth.

However, the rise in value and volume did not translate into stronger pricing power.

Bangladesh's unit price increased by just 0.80%, while Vietnam saw a stronger 3.58% rise. In contrast, China, India, and Pakistan all faced a drop in unit prices, indicating price pressures across the market.

For Bangladesh, this performance reflects growing competitiveness in the US market, exporters and analysts said. Yet, the modest price gain highlights a concerning trend: exporters are shipping more at nearly the same or lower margins.

On the other hand, analysts noted that Vietnam's ability to raise prices suggests a greater value addition or brand positioning – something Bangladesh must work toward to ensure long-term sustainability and profitability in the global apparel trade.

Between January and April this year, the US imported $26 billion worth of apparel. Vietnam topped the list with $5.09 billion, followed by China ($4.35 billion) and Bangladesh ($2.98 billion).

Other top exporters included Indonesia, India, Mexico, Honduras, Cambodia, Pakistan, and South Korea.

### Uncertainty over tariffs

While the Trump administration temporarily suspended its new tariffs on Bangladesh for three months, the moratorium is set to expire this month.

This has sparked concern among both US importers and Bangladeshi exporters about what lies ahead. Experts have stressed the need to begin formal negotiations without delay.

Dr Mostafa Abid Khan said Bangladesh has yet to start formal trade negotiations with the United States, making it difficult to predict what lies ahead.

"About 50% of Bangladesh's imports from China are re-exported," he explained.

"So we need to understand the US position on imported fabrics or yarn from China. Although there is potential in the US market, uncertainty still remains," he added.

The Business Standard

17 JUN 2025

দৈনিক বার্তা
17 JUN 2025


### বিজিএমইএর দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি

# পোশাক খাতের জন্য নতুন চ্যালেঞ্জ ইরান-ইসরায়েল যুদ্ধ

নিজস্ব প্রতিবেদক ■

ইরান-ইসরায়েলের মধ্যে চলমান যুদ্ধ পোশাক খাতের জন্য নতুন চ্যালেঞ্জ বলে জানিয়েছেন তৈরি পোশাক শিল্প মালিকদের সংগঠন বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রফতানিকারক সমিতির (বিজিএমইএ) নবনির্বাচিত সভাপতি মাহমুদ হাসান খান। রাজধানীর উত্তরায় বিজিএমইএ কমপ্লেক্সে গতকাল সংগঠনের নবনির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে তিনি এ কথা জানান। এ সময় বিজিএমইএর বিদায়ী প্রশাসক আনোয়ার হোসেন নতুন কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর করেন।

অনুষ্ঠানে বিজিএমইএর নতুন সভাপতি বলেন, 'আমরা এমন একটি সময়ে দায়িত্ব গ্রহণ করছি, যখন তৈরি পোশাক শিল্প বিভিন্ন রকম স্থানীয় ও আন্তর্জাতিক চ্যালেঞ্জের মধ্যে পড়ে সঙ্গিন পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে। সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্কারোপ, ভারত কর্তৃক বাংলাদেশের ট্রান্সশিপমেন্ট বাতিল, ব্যাংকের উচ্চ সুদহার, মূল্যস্ফীতি, দুর্বল অবকাঠামো এবং জ্বালানির অস্বাভাবিক মূল্য ও মজুরি বৃদ্ধির চাপে আমরা অনেকটা নিষ্পেষিত অবস্থায় আছি।'




মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক সংঘাত প্রসঙ্গে তিনি বলেন, 'ইরান-ইসরায়েল যুদ্ধ আমাদের জন্য নতুন চ্যালেঞ্জ। এ যুদ্ধের ফলে তেলের বাড়লে পেলে এর প্রভাব সবার ওপর পড়বে, পোশাক শিল্পও এ থেকে বাদ যাবে না। এ অবস্থায় প্রতিযোগিতা সক্ষমতা ধরে রাখার জন্য আমাদের অনেকগুলো কাজ করতে হবে। আমি বিশ্বাস করি, সবার সহযোগিতায় এ কাজগুলো আমরা করতে সক্ষম হব।'

মাহমুদ হাসান খান বলেন, 'নির্বাচনী প্রচার চলাকালে যেসব প্রতিশ্রুতি দিয়েছি সেগুলো আমরা অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করব। পোশাক শিল্পের জন্য স্বতন্ত্র মন্ত্রণালয় প্রতিষ্ঠায় কাজ চালিয়ে যাওয়া, এসএমই ও নন-বন্ডেড কারখানাগুলোর মালিকদের বাড়তি সহযোগিতা প্রদান, অংশীজনদের সঙ্গে আলোচনা করে এলডিসি বা স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের সঠিক সময় নির্ধারণ, ব্যাংকের সুদহার সহনীয় করা এবং এক্সিট পলিসি নিয়ে আমরা অগ্রাধিকার ভিত্তিতে কাজ করব।'

কার্যকর ও জবাবদিহিমূলক বিজিএমইএ গড়ে তোলাই নতুন পর্ষদের লক্ষ্য বলেও জানান তিনি। বিজিএমইএ সভাপতি বলেন, 'বিজিএমইএ যেন একটি সেবামুখী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে, সেটাই আমাদের লক্ষ্য। সেজন্য স্বচ্ছতা নিশ্চিতে বর্তমান বোর্ড একটি ডিজিটাল প্লাটফর্ম চালু করবে। এখানে সব ধরনের আবেদন, অভিযোগ কিংবা তথ্য জমা ও ট্র্যাক করা যাবে।'

অনুষ্ঠানে বিজিএমইএর বিদায়ী প্রশাসক আনোয়ার হোসেন বলেন, 'আমাদের এ যাত্রা সহজ ছিল না। বিশেষ একটি সময়ে কঠিন বাস্তবতার মধ্যে আমরা দায়িত্ব গ্রহণ করেছিলাম। একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন করাই ছিল আমাদের মূল কাজ। তবে আমরা শুধু নির্বাচন আয়োজনের মধ্যেই সীমাবদ্ধ থাকিনি, শ্রমিক নিরাপত্তা নিশ্চিত করা, বিনিয়োগকারীদের আস্থা ফিরিয়ে আনা, আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্ক শক্তিশালীকরণ ও সরকার থেকে নীতিসহায়তা পেতেও আমরা কাজ করেছি।'

অনুষ্ঠানের প্রথম অংশে সভাপতিত্ব করেন বিদায়ী প্রশাসক মো. আনোয়ার হোসেন। দ্বিতীয় অংশে সভাপতিত্ব করেন নবনির্বাচিত সভাপতি মাহমুদ হাসান খান। সভায় বিজিএমইএর সাবেক সভাপতিদের মধ্যে খন্দকার রফিকুল ইসলাম, ফারুক হাসান, ড. রুবানা হক, এসএম ফজলুল হক, কাজী মনিরুজ্জামান, আনিসুর রহমান সিনহাসহ শীর্ষ নেতারা এবং বিপুলসংখ্যক সাধারণ সদস্য উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের পর গত বছরের ২৪ আগস্ট বিজিএমইর তৎকালীন সভাপতি এসএম মান্নান কচি পদত্যাগ করেন। এরপর নতুন বোর্ড গঠন করা হলেও পরবর্তী সময়ে বাণিজ্য মন্ত্রণালয় জানায়, এ প্রক্রিয়া সঠিক ছিল না। এরপর ২০ অক্টোবর রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেনকে বিজিএমইএর প্রশাসক হিসেবে নিয়োগ দেয় সরকার। দায়িত্বপ্রাপ্ত প্রশাসক গত ৩১ মে নির্বাচনের আয়োজন করেন। এর পরিপ্রেক্ষিতে গতকাল নতুন কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর করা হয়।

CamScanner

বণিক বার্তা

17 JUN 2025

# ব্যবসা-বাণিজ্যের নতুন সুযোগ খুঁজতে শ্রীলংকায় ঢাকা চেম্বারের প্রতিনিধি দল

নিজস্ব প্রতিবেদক ■

ব্যবসা-বাণিজ্যের নতুন সুযোগ খুঁজতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) ২২ সদস্যের একটি ব্যবসায়িক প্রতিনিধি দল শ্রীলংকা সফরে গেছে। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে দলটি গতকাল দুপুরে কলম্বোর উদ্দেশে ঢাকা ত্যাগ করে। এ সফরের মূল উদ্দেশ্য হলো বাংলাদেশী রফতানি পণ্যের জন্য শ্রীলংকায় নতুন বাজার তৈরি, যৌথ বিনিয়োগের সম্ভাবনা অন্বেষণ ও সার্কভুক্ত দেশটির সঙ্গে অর্থনৈতিক অংশীদারত্ব জোরদার করা।

তিন দিনব্যাপী সফর সূচিতে প্রতিনিধি দলটি ১৭, ১৮ ও ১৯ জুন যথাক্রমে সিলন চেম্বার অব কমার্স, ন্যাশনাল চেম্বার অব এক্সপোর্টার্স অব শ্রীলংকা ও ন্যাশনাল চেম্বার অব কমার্স অব শ্রীলংকার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক ও বিজনেস-টু-বিজনেস (বিটুবি) ম্যাচমেকিং সেশনে অংশ নেবে। এতে অংশগ্রহণকারী বাংলাদেশী ব্যবসায়ীরা নতুন অংশীদার খুঁজে পাওয়ার পাশাপাশি সম্ভাব্য বাণিজ্য ও বিনিয়োগ সুযোগ সম্পর্কে সম্যক ধারণা নিতে পারবেন।

সফরকালে শ্রীলংকার শিল্পমন্ত্রী, উপপররাষ্ট্রমন্ত্রী ও উপঅর্থমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করার কথা রয়েছে প্রতিনিধি দলের। এতে দ্বিপক্ষীয় অর্থনৈতিক সম্পর্ক আরো দৃঢ় হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে বলে মনে করছে ডিসিসিআই।

ডিসিসিআইয়ের তথ্যানুযায়ী, ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ ও শ্রীলংকার মধ্যকার মোট দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ ছিল মাত্র ১৩৪ দশমিক শূন্য ৬ মিলিয়ন ডলার। বাণিজ্য সম্ভাবনা পুরোপুরি ব্যবহারে আরো গভীর সহযোগিতা প্রয়োজন।

বিদ্যমান অবস্থা বিবেচনায় কৃষি ও খাদ্য প্রক্রিয়াকরণ, স্বাস্থ্যসেবা ও ওষুধ শিল্প, পর্যটন ও আতিথেয়তা, নবায়নযোগ্য জ্বালানি, উৎপাদন ও শিল্প, নির্মাণ ও অবকাঠামো, লজিস্টিকস ও সাপ্লাই চেইন, তথ্যপ্রযুক্তি ও ডিজিটাল সেবা এবং আর্থিক সেবার মতো সম্ভাবনাময় খাতে শ্রীলংকার একক ও যৌথ বিনিয়োগ বাড়াতে ঢাকা চেম্বারের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

CamScanner

প্রথম আলো
17 JUN 2025

# বড় ১০ বাজারেই বেড়েছে রপ্তানি

**চলতি অর্থবছরের ১১ মাস**

**শীর্ষ গন্তব্যের ১০ দেশে গত ১১ মাসে ২ হাজার ৮১০ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে; যা মোট তৈরি পোশাক রপ্তানির ৭৭ শতাংশ।**

**শুভংকর কর্মকার**, *ঢাকা*

বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রের বাজারে চলতি অর্থবছরের প্রথম ১১ মাসে ৭০৯ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। এই রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ১৭ শতাংশ বা ১০৩ কোটি ডলার বেশি।

চলতি ২০২৪-২৫ অর্থবছরে জুলাই-মে সময়ে যুক্তরাষ্ট্রসহ রপ্তানির শীর্ষ ১০ বাজারের সব কটিতেই বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি বেড়েছে। তার মধ্যে ছয় বাজারে রপ্তানি বেড়েছে দুই অঙ্কের বেশি। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ পরিসংখ্যান বিশ্লেষণ করে এমন তথ্য পাওয়া গেছে।

বাংলাদেশের তৈরি পোশাকের শীর্ষ গন্তব্যগুলো হচ্ছে যুক্তরাষ্ট্র, জার্মানি, যুক্তরাজ্য, স্পেন, ফ্রান্স, নেদারল্যান্ডস, পোল্যান্ড, ইতালি, কানাডা ও জাপান। প্রতিটি বাজারে ১ বিলিয়ন বা ১০০ কোটি ডলারের বেশি তৈরি পোশাক রপ্তানি হয়। চলতি অর্থবছরে এখন পর্যন্ত এই ১০ দেশে ২ হাজার ৮১০ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। এ ক্ষেত্রে প্রবৃদ্ধি সাড়ে ১০ শতাংশ। মোট তৈরি পোশাক রপ্তানির প্রায় ৭৭ শতাংশের গন্তব্য এই শীর্ষ ১০ বাজারে। চলতি অর্থবছরের প্রথম ১১ মাসে এই ১০ বাজারসহ অন্যান্য বাজার মিলিয়ে মোট ৩ হাজার ৬৫৬ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে।

একাধিক তৈরি পোশাক রপ্তানিকারক জানান, দেশের অভ্যন্তরে নানামুখী চ্যালেঞ্জের মধ্যে শীর্ষ বাজারগুলোতে যে প্রবৃদ্ধি হয়েছে, তা সন্তোষজনক। তবে সামনের দিনগুলোতে ট্রাম্পের পাল্টা শুল্ক, মধ্যপ্রাচ্যে নতুন করে উত্তেজনা, দেশের ভেতরে গ্যাস-বিদ্যুতের সংকট, ব্যাংকিং কার্যক্রমে অস্থিরতা ও রাজনৈতিক অস্থিতিশীলতা বজায় থাকলে তৈরি পোশাকের রপ্তানিতে এই প্রবৃদ্ধি ধরে রাখা কঠিন হবে।

এদিকে যুক্তরাষ্ট্রে তৈরি পোশাকের রপ্তানি ১৭ শতাংশ বাড়লেও এই বাজার নিয়ে কিছুটা শঙ্কা রয়েছে। কারণ, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পাল্টা শুল্ক স্থগিতাদেশ জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহে শেষ হবে। তার মধ্যে দেশটির সঙ্গে দর-কষাকষি শেষ করা না গেলে অতিরিক্ত শুল্কের চাপে পড়তে হবে। এখন পর্যন্ত এ ক্ষেত্রে দৃশ্যমান কোনো অগ্রগতি না দেখায় এরই মধ্যে হতাশা প্রকাশ করছেন দেশীয় উদ্যোক্তারা।

জানতে চাইলে তৈরি পোশাকশিল্প মালিকদের সংগঠন বিজিএমইএর পরিচালক শেখ এইচ এম মোস্তাফিজ প্রথম আলোকে বলেন, 'বৈশ্বিক চাহিদার সঙ্গে তাল মিলিয়ে আমাদের তৈরি পোশাক রপ্তানিতে একটা স্বাভাবিক প্রবৃদ্ধি নিয়মিতভাবে হচ্ছে। দিন দিন আমাদের শিল্পের অভিজ্ঞতা ও সক্ষমতা বাড়ছে। চীন থেকেও ক্রয়াদেশ স্থানান্তরিত হয়ে আসছে। চলতি অর্থবছরের শুরুতে রাজনৈতিক পটপরিবর্তন হয়। তখন এক মাসের বেশি সময় শ্রম অস্থিরতার কারণে উৎপাদন ব্যাহত হয়। সেটি না হলে তৈরি পোশাক রপ্তানিতে গড় প্রবৃদ্ধি ১৫ শতাংশ হতো।'

অপর এক প্রশ্নের জবাবে শেখ এইচ এম মোস্তাফিজ বলেন, 'গ্যাস-বিদ্যুতের সংকট সামাল দেওয়ার পাশাপাশি ক্ষুদ্র ও মাঝারি কারখানার কর্মপরিবেশ ও দক্ষতা উন্নয়নে জোর দিতে হবে। চট্টগ্রাম বন্দরের সক্ষমতা বাড়াতে হবে। তা না হলে আগামী দিনে আমাদের প্রতিযোগী দেশগুলোর রপ্তানি প্রবৃদ্ধি বাড়বে, আর আমাদের কমবে।'


ইপিবির তথ্যানুযায়ী, দীর্ঘদিন ধরেই জার্মানি বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানির দ্বিতীয় শীর্ষ বাজার। চলতি অর্থবছরের প্রথম ১১ মাসে জার্মানিতে ৪৫৭ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। এই রপ্তানি গত অর্থবছরের একই সময়ের তুলনায় ১০ দশমিক ৩৯ শতাংশ বা ৪৩ কোটি ডলার বেশি।

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে বের হওয়ার পরও যুক্তরাজ্যে বাংলাদেশের তৈরি পোশাকের রপ্তানির ধারাবাহিকতা বজায় রয়েছে। চলতি অর্থবছরের জুলাই থেকে মে পর্যন্ত দেশটিতে ৪০৪ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। এই রপ্তানি গত অর্থবছরের একই সময়ের তুলনায় ৪ শতাংশ বেশি।

স্পেনের বাজারে কয়েক বছর ধরেই বাংলাদেশ ৩ বিলিয়ন ডলারের বেশি তৈরি পোশাক রপ্তানি করছে। চলতি অর্থবছরেও সেই ধারাবাহিকতা বজায় আছে। এখন পর্যন্ত ৩১৬ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে দেশটিতে। এই রপ্তানি গত অর্থবছরের একই সময়ের তুলনায় ১ দশমিক ৬১ শতাংশ বেশি।

ইইউভুক্ত দেশ ফ্রান্সে বাংলাদেশ থেকে পঞ্চম সর্বোচ্চ তৈরি পোশাক রপ্তানি হয়। চলতি অর্থবছরের প্রথম ১১ মাসে এই বাজারে ২ বিলিয়ন বা ২০১ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়। এই রপ্তানি গত অর্থবছরের একই সময়ের তুলনায় ৮ দশমিক ৬৫ শতাংশ বা ১৬ কোটি ডলার বেশি। গত ২০২২-২৩ অর্থবছরে এই বাজারে ২৩৭ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়। গত অর্থবছরে এই বাজারে রপ্তানি কমেছিল ১৪ শতাংশ।

জানতে চাইলে নিট পোশাকশিল্প মালিকদের সংগঠন বিকেএমইএর সাবেক সভাপতি ফজলুল হক *প্রথম আলোকে* বলেন, 'এখন পর্যন্ত সামনের দিনে আমাদের জন্য বড় ধরনের দুঃসংবাদ কিংবা সুসংবাদ কোনোটাই নেই। তবে ট্রাম্পের পাল্টা শুল্ক নিয়ে অনিশ্চয়তা আছে। পাল্টা শুল্ক স্থগিতাদেশের সময়সীমা শেষ হলে কী হবে, এখনই বলা যাচ্ছে না। ইরানে ইসরায়েলের হামলা ও পাল্টা হামলার কারণে মধ্যপ্রাচ্যে নতুন করে অস্থিরতা দেখা দিয়েছে। এতে যদি হরমুজ প্রণালি বন্ধ হয়ে যায়, তাহলে জ্বালানি তেলের দাম বাড়বে। তখন আবার তৈরি পোশাকের চাহিদা কমে যেতে পারে। সেটি হলে ক্রয়াদেশ কমবে।' তিনি আরও বলেন, 'বৈশ্বিক সমস্যার সমাধান আমাদের হাতে নেই। তবে গ্যাস-বিদ্যুতের সংকট দূর করা ও ব্যাংক খাতে স্থিতিশীলতা ফেরানো গেলে তৈরি পোশাকের রপ্তানি বাড়ানো সম্ভব।'




বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো